

উপজেলা ভূমি অফিস
লালমোহন, ভোলা

নাগরিক সনদ

(সেবা প্রদান প্রতিশ্রুতি)

| ক্রমিক নং | প্রদেয় সেবার বিবরণ | আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র/নির্ধারিত প্রক্রিয়া | সেবার নির্ধারিত মূল্য | সেবা প্রদানের জন্য নির্ধারিত সময়সীমা | সংশ্লিষ্ট শাখার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্ম চারী | সেবা প্রদানকারী কর্মকর্তা |
|--------------|---------------------|---|--|--|------------------------|---|------------------------------|
| ১ | ই-নামজারি | ১. ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্ট ফি ২. সর্বশেষ মালিকের নানীয়া খতিয়ান ৩. ক্রয় সূত্রে মালিক হলে মূল দলিলের সার্টফায়েড কপি/ফটোকপি ৪. বন্টননামা/বাটোয়ারা দলিল (প্রযোজ্য ক্ষেত্রে) ৫. ভায়া/পিট দলিলের ফটোকপি। ৬. আদালতের রায়/ডিক্রির মাধ্যমে জমির মালিকানা পেলে উক্ত রায়ের সার্টফায়েড/ফটোকপি ৭. চলতি বঙ্গাব্দের (বাংলা সনের) ধার্যকৃত ভূমি উন্নয়ন কর বা খাজনা প্রদানের রশিদ। ৮. অনধিক ৩ (তিন) মাসের মধ্যে ইস্যুকৃত মূল ওয়ারিশ সনদ। ৯. আবেদনকারীর ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি। ১০. জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদ/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি। | ১১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা (নামজারি কেস অনুমোদন হলে) ডিসিআর এর মাধ্যমে জমা দিতে হবে । | ২৮ দিন। প্রবাসী দের ক্ষেত্রে ০৯ দিন। | নামজারি শাখা | নাজির কাম -ক্যাশিয়ার/ জমা সহকা রী | সহকারী কমিশনার (ভূমি) |

| | | | | | | | |
|---|---|--|---|--|------------------------------|------------------------------|--|
| ২ | কৃষি খাসজমি বন্দোবস্ত | নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ভূমিহীন সনদ, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। সংশ্লিষ্ট উপজেলা কমিটির সুপারিশের আলোকে জেলা কমিটি বন্দোবস্ত অনুমোদনের ব্যবস্থা নিবেন। | প্রযোজ্য নয়। | ০১ মাস হতে ০৩ মাস | সংশ্লিষ্ট সার্ভেয়ার/কানুনগো | সংশ্লিষ্ট সার্ভেয়ার/কানুনগো | সহকারী কমিশনার (ভূমি) এবং উপজেলা নির্বাহী অফিসার |
| ৩ | অকৃষি খাসজমি বন্দোবস্ত | ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি সহ জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ১৯৯৫ সালের অকৃষি খাসজমি বন্দোবস্ত নীতিমালার শর্তাবলী পূরণ করে প্রয়োজনীয় সকল কাগজপত্র জমা দিতে হবে। | সরকার কর্তৃক নির্ধারিত জমির মূল্যপরিশোধ করতে হবে। | ০১ মাস হতে ০১ বছর | খাসজমি ও জরিপ শাখা | সংশ্লিষ্ট সার্ভেয়ার/কানুনগো | সহকারী কমিশনার (ভূমি) এবং উপজেলা নির্বাহী অফিসার |
| ৪ | হাট-বাজারের একসনালাইসেন্স নবায়ন | ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি সহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | সরকার কর্তৃক নির্ধারিত হারে নবায়ন ফি পরিশোধ করতে হবে। | সম্ভাব্য স্বল্পতম সময়ে | সায়রাত ও নেজারত শাখা | নাজির কাম-ক্যাশিয়ার | সহকারী কমিশনার (ভূমি) |
| ৫ | জলমহাল ইজারা | প্রতি বাংলা নববর্ষের পূর্বে জলমহাল ইজারার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা কমিটি যোগ্যতম আবেদনকারীকে বিধি মোতাবেক ইজারা প্রদান করে থাকেন। | ডাকমূল্যসহ অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে। | আইনে নির্ধারিত সময়ে | সায়রাত ও নেজারত শাখা | নাজির কাম-ক্যাশিয়ার | সহকারী কমিশনার (ভূমি) |
| ৬ | আশ্রয়ন/আবাসন ও আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্পে ভূমিহীনদের পুনর্বাসন | বিজ্ঞপ্তি প্রকাশের পর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ভূমিহীন সনদ, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ ও বিজ্ঞপ্তির নির্দেশমতে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। | প্রযোজ্য নয়। | ০১ মাস হতে ০১ বছর | খাসজমি ও জরিপ শাখা | সংশ্লিষ্ট সার্ভেয়ার/কানুনগো | সহকারী কমিশনার (ভূমি) এবং উপজেলা নির্বাহী অফিসার |
| ৭ | অর্পিত সম্পত্তির লীজ নবায়ন | যথাসময়ে ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি সহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | শ্রেণিভিত্তিক সরকার কর্তৃক নির্ধারিত হারে | ১৫ দিন হতে ০১ মাস | সাধারণ শাখা | ভিপি সহকারী | সহকারী কমিশনার (ভূমি) এবং উপজেলা নির্বাহী অফিসার |
| ৮ | সার্টিফিকেট মামলার কার্যক্রম | নোটিশ দাবিকৃত বকেয়া অর্থ পরিশোধ করলে সার্টিফিকেট মামলা হতে অব্যাহতি পাওয়া যাবে। | নোটিশে উল্লিখিত অর্থ (সুদসহ বকেয়া) | ০১ মাস হতে ০৩ মাস | সার্টিফিকেট শাখা | সার্টিফিকেট সহকারী | সহকারী কমিশনার (ভূমি) |
| ৯ | মিস কেসের মাধ্যমে বিবিধ বিষয়ে প্রতিকার প্রদান | ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি সহ কি প্রতিকার চান, তা স্পষ্টভাবে উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র ও ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি সহ আরও যা লাগবে : (ক) আদালতে রায়/ডিক্রির মাধ্যমে রেকর্ড সংশোধন চাইলে উক্ত রায়ের সার্টিফিকেট/ফটোকপি (খ) অন্যান্য ক্ষেত্রে আবেদনের আলোকে প্রয়োজনীয় সকল কাগজপত্র। | (ক) রেকর্ড সংশোধন ফি বাবদ ১১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা (খ) অন্যান্য ক্ষেত্রে কোর্টফি লাগবে না। | (ক) ০১ মাস হতে ০৩ মাস (খ) কেস ভেদে প্রয়োজনীয় সময় | সাধারণ শাখা | প্রধান সহকারী | সহকারী কমিশনার (ভূমি) |

| | | | | | | | |
|----|--|--|--------------------------------|----------------------|----------------|--------------------------|--------------------------|
| ১০ | পুরাতন নামজারি কে সের নুমোদিত খতিয়ান প্রদান | ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি সহ আবেদন করতে হবে। কেস নথি সংরক্ষিত থাকা সাপেক্ষে খতিয়ান প্রদান করা হবে। | সরকার কর্তৃক নির্ধারিত কোর্টফি | ০৭ দিন হতে ০১ মাস | নেজারত শাখা | নাজির কাম- ক্যাশিয়ার | সহকারী কমিশনার (ভূমি) |
| ১১ | মিস কেসের জাবেদা ন কল প্রদান | ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি এবং ডেমি/ফলিওসহ আবেদন করতে হবে। | কোন খরচ লাগবে না। | ০৭ দিন হতে ০১ মাস | নেজারত শাখা | নাজির কাম- ক্যাশিয়ার | সহকারী কমিশনার (ভূমি) |

উত্তম সেবা পেতে যে কোন আবেদনে পূর্ণ নাম ঠিকানাসহ মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করুন।

ভূমি সেবা পরামর্শের জন্য আপনার জিজ্ঞাসা (Help Desk) এ যোগাযোগ করুন। অফিস চলাকালে সহকারী কমিশনার (ভূমি)-এর সাথে সাক্ষাৎ করুন। হোয়াটস অ্যাপে ০১৩১৮২৫৯১২৫ এবং ফেসবুকে <https://www.facebook.com/ACL.Lalmohan> ভূমি অফিসের বিভিন্ন সেবা বিষয়ে আপনার গঠনমূলক মতামত, পরামর্শ বা অভিযোগ তুলে ধরুন।

যথাযথভাবে কাঙ্ক্ষিত সেবা না পেলে যোগাযোগ করুন :

| | | |
|--------------------------------------|---------------------------------------|--------------------------------------|
| সহকারী কমিশনার (ভূমি), লালমোহন, ভোলা | উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা |
| ০১৩১৮-২৫৯১২৫ | ০১৭০১-৯৯১৫০৪ | ০১৩১৮-২৫৯১১৩ |